


# মেটেরিয়া মেডিকা

## ঔষধ নির্বাচনের গুরুত্বপূর্ণ লক্ষণসমূহ

(Materia Medica: Important Symptoms for Prescribing Medicine)

ডা: মোহাম্মদ ইউসুফ

# সুচীপত্র


ঔষধের নাম — পৃষ্ঠা

Introduction (ভূমিকা) ---------- ১৩
Acid Phosphoricum (অ্যাসিড ফসফরিকাম)---------- ১৯
Acidum Flouricum (অ্যাসিড ফ্লোর)---------- ২৪
Aconitum Napellus (অ্যাকোনাইটাম নেপেলাস)---------- ২৯
Aethusa Cynapium (ইথুজা সিনেপিয়াম) ---------- ৩৩
Aloe Socotrina (অ্যালো সকোটিনা) ---------- ৩৬
Alumina (অ্যালুমিনা)---------- ৩৯
Antimonium Crudum (অ্যান্টিমোনিয়াম ক্রুডাম) ---------- ৪৩
Antimonium Tartaricum (অ্যান্টিমোনিয়াম টার্টারিকাম)---------- ৪৭
Apis Mellifica (এপিস মেলিফিকা) ---------- ৫১
Apocynum Cannabinum (অ্যাপোসাইনাম ক্যানাবিনাম)---------- ৫৭
Argentum Metallicum (আর্জেন্টাম মেটালিকাম) ---------- ৫৯
Argentum Nitricum (আর্জেন্টাম নাইট্রিকাম) ---------- ৬৩
Arnica Montana (আর্নিকা মন্টেনা) ---------- ৭০
Arsenicum Album (আর্সেনিকাম অ্যালবাম) ---------- ৭৫
Baptisia Tinctoria (ব্যাপটিসিয়া টিংক্টরিয়া) ---------- ৮৩
Baryta Carbonica (ব্রাইটা কার্বনিকা) ---------- ৮৫
Belladona (বেলেডোনা) ---------- ৮৮
Borax Veneta (বোরাক্স ভেনেটা) ---------- ৯৪
Bryonia Alba (ব্রায়োনিয়া অ্যালবা)---------- ৯৯
Calcarea Carbonica (ক্যালকেরিয়া কার্বোনিকা) ---------- ১০৬
Calcaria Fluoricum (ক্যালকেরিয়া ফ্লোরিকাম) ---------- ১১১
Calcarea Phosphorica (ক্যালকেরিয়া ফসফোরিকা) ---------- ১১৫
Calcarea Sulphurica (ক্যালকেরিয়া সাফলফিউরিকা)---------- ১২১
Camphora Officinarum (ক্যাম্ফোরা অফিসিনারাম) ---------- ১২৪
Carbo Vegetabilis (কার্বো ভেজিটালিস) ---------- ১২৭
Causticum (কষ্টিকাম) ---------- ১৩২
Chamomilla (ক্যামোমিলা) ---------- ১৪২

## সুচীপত্র


| ঔষধের নাম | পৃষ্ঠা |
|---|---|
| Chelidonium Majus (চেলিডোনিয়াম মাজুস) | ১৪৮ |
| China Officinalis (চায়না অফিসিয়ালিস) | ১৫২ |
| Cina Maritima (সিনা ম্যারিটিমা) | ১৫৭ |
| Cocculus Indicus (ককিউলাস ইন্ডিকাস) | ১৬১ |
| Conium Maculatum (কোনিয়াম ম্যাকুল্যাটাম) | ১৬৫ |
| Digitalis Purpurea (ডিজিটালিস পারপিউরিয়া) | ১৭১ |
| **Some Palliative Medicines for Heart Disease (হৃদরোগের কিছু সাময়িক উপকারী ঔষধ)** | ১৭৬ |
| Ferrum Phosphoricum (ফেরাম ফসফোরিকাম) | ১৭৮ |
| Gelsemium Sempervirens (জেলসেমিয়াম সেম্পারভাইরেন্স) | ১৮২ |
| Glonoine (গ্লোনইন) | ১৮৭ |
| Graphites (গ্রাফাইটিস) | ১৮৯ |
| Hepar Sulphur (হিপার সালফার) | ১৯৪ |
| Hyoscyamus Niger (হাইওসিয়ামাস নাইজার) | ২০০ |
| Ignatia Amara (ইগ্নেসিয়া আমারা) | ২০৬ |
| Ipecacuanha (ইপিকাকুয়ানা) | ২১০ |
| Kali Muriaticum (কেলি মিউরিয়েটিকাম) | ২১৩ |
| Kali/Kalium Phosphoricum (কেলি ফসফরিকাম) | ২১৫ |
| Kali Sulphuricum (কেলি সালফুরিকাম) | ২১৯ |
| Lac Caninum (ল্যাক ক্যানাইনাম) | ২২১ |
| Lachesis (ল্যাকেসিস) | ২২৫ |
| Ledum Pal (লিডাম পাল) | ২৩৪ |
| Lycopodium Clavatum (লাইকোপোডিয়াম ক্লেভেটাম) | ২৩৮ |
| Lyssinum (Hydrophobinum) (লাইসিনাম, হাইড্রোফোবিনাম) | ২৪৪ |
| Magnesia Carbonicum (ম্যাগনেসিয়াম কার্বোনিকাম) | ২৪৮ |
| Magnesia Phosphoeica (ম্যাগ্নেসিয়া ফসফরিকা) | ২৫২ |
| Medorrhinum (মেডোরিনাম) | ২৫৫ |
| Mercurius Solubilis (মার্কুরিয়াস সলিউবিলিস) | ২৬৩ |
| Natrum Muriaticum (ন্যাট্রাম মিউরিয়াটিকাম) | ২৬৮ |
| Natrum Phosphoricum (ন্যাট্রাম ফসফোরিকাম) | ২৭৫ |
| Natrum Sulphuricum (নেট্রাম সালফিউরিকাম) | ২৭৮ |
| Nitric Acid (নাইট্রিক অ্যাসিড) | ২৮৩ |
| Nux Vomica (নাক্স ভমিকা) | ২৮৮ |
| Opium (ওপিয়াম) | ২৯৪ |
| Phosphorus (ফসফরাস) | ২৯৯ |

## সুচীপত্র

| ঔষধের নাম | পৃষ্ঠা |
| --- | --- |

Podophyllum Peltatum (পডোফাইলাম পেল্টেটাম) -------------------- ৩০৭
Psorinum (সোরিনাম) -------------------------------------------------------- ৩০৯
Pulsatilla Nigricans (পালসেটিলা নইগ্রিক্যান্স) ------------------------- ৩১৩

প্রসবকালীন জটিলতা ----------------------------------------------------------- ৩২২

Rhus Toxicodendron (রাস টক্সিকোডেনড্রন) -------------------------- ৩২৪
Sepia Officinalis (সিপিয়া অফিসিনালিস)------------------------------------ ৩৩২
Silicea Terra (সাইলিসিয়া টেরা) ------------------------------------------- ৩৪০
Staphysagria (স্ট্যাফিস্যাগ্রিয়া) ------------------------------------------------ ৩৪৭
Stramonium (স্ট্র্যামোনিয়াম) -------------------------------------------------- ৩৫৬
Sulphur (সালফার) ------------------------------------------------------------ ৩৬১
Syphilinum (সিফিলিনাম) ----------------------------------------------------- ৩৬৮
Thuja Occidentalis (থুজা অক্সিডেন্টালিস) -------------------------------- ৩৭৪
Tuberculinum Vobinum and Bacillinum (টিউবারকুলিনাম ভবিনাম) --- ৩৮৩
Zincum Metallicum (জিঙ্কাম মেটালিকাম) ---------------------------------- ৩৯০

সূক্ষ্ম মাত্রায় ঔষধ প্রয়োগ পদ্ধতি ---------------------------------------------- ৩৯৫

Remedies and their Abbreviation -------------------------------------------- ৩৯৬

# Acid Phosphoricum (Ph-ac.)
## (অ্যাসিড ফসফরিকাম)

### ভূমিকা (Introduction)

- **উৎস:** খনিজ।
- **রাসায়নিক সূত্র:** H3PO4।
- **প্রচলিত নাম:** ফসফরিক অ্যাসিড, অ্যাসিড ফসফরিকাম।
- **ঔষধ প্রস্তুত:** ক্যালসাইন্ড হাড়ের (Calcined bones) উপর সালফিউরিক অ্যাসিডের ক্রিয়ার মাধ্যমে ডাঃ হ্যানিম্যান ঔষধটি প্রস্তুত করেন।
- **প্রুভার:** ডাঃ স্যামুয়েল হ্যানিম্যান।
- **মায়াজম:** অ্যান্টি সোরিক, অ্যান্টি টিউবারকুলার এবং অ্যান্টি সিফিলিটিক।
- **কাতরতা:** শীতকাতর। শীত সহ্য করতে পারে না। শীতে ও ঠান্ডায় সকল কষ্ট বাড়ে। গরমে আরামবোধ।
- **পার্শ্ব:** ডানদিকে বেশি আক্রান্ত হয়। উপরে বাম দিকে এবং নিচে ডান দিকে বেশি আক্রান্ত হয়।
- **ব্যবহার:** এটি একটি পলিক্রেস্ট মেডিসিন। নতুন এবং পুরাতন উভয় রোগে ব্যবহৃত হয়।
- **উপযোগিতা:** দ্রুত বর্ধনশীল দেহ এবং যারা প্রথম জীবনে শক্ত সবল ধাতুর লোক ছিল কিন্তু শরীরের অতিরিক্ত জৈব তরল পদার্থের অপচয়, অতিরিক্ত হস্তমৈথুন বা অনৈতিক যৌনচারিতা (চায়না), বারবার প্রবল তরুণ রোগে ভোগা, মনঃকষ্ট বা শোক-দুঃখ, প্রেমে ব্যর্থতা প্রভৃতি মানসিক দুশ্চিন্তা এবং উৎকণ্ঠায় ভোগে বার বার অসুস্থ হয়ে দুর্বল হয়ে পড়েছে এবং চেহারা রুগ্ন হয়ে গেছে, চোখ দুটো বসে গেছে ও চোখের চারপাশে নীল কালিমা পড়েছে তাদের ক্ষেত্রে উপযোগী। যাদের অতিরিক্ত শারীরিক এবং মানসিক পরিশ্রম করতে হয় তাদের ক্ষেত্রে বেশি উপযোগী।
- **ক্রিয়াস্থল:** মন, মস্তিষ্ক, স্নায়ুতন্ত্র, মাথা, কিডনি, পেশি, অস্থি, ক্ষুদ্রান্ত্র, বক্ষ, মূত্রযন্ত্র, পুরুষ জননতন্ত্র ইত্যাদির উপর বেশি কাজ করে।

## ঔষধ নির্বাচনের গুরুত্বপূর্ণ লক্ষণসমূহ
## (Important Symptoms for Prescribing Medicine)

### সারসংক্ষেপ (Summary)

- **আকৃতি বা শারীরিক গঠন:** রোগা, পটকা এবং লম্বা-চওড়া ব্যক্তি। শিশু এবং যুবকরা তাড়াতাড়ি বৃদ্ধিপ্রাপ্ত হয় (Calc-p., Ph-ac., Phos., Tub.)।
- **অতীত ইতিহাস:** অতিরিক্ত হস্তমৈথুন, অতিরিক্ত স্বপ্নদোষ, স্ত্রী সঙ্গম ইত্যাদির মাধ্যমে শরীরের জৈব রসের (vital fluid) অপচয় করার ইতিহাস থাকে।
- **রোগের কারণ: এই ঔষধে রোগের কারণ অত্যন্ত গুরুত্বপূর্ণ।**
  - বিভিন্ন মানসিক উৎকণ্ঠা, আর্থিক ক্ষতি বা চাকরি হারানোর আশঙ্কা, ভয়, ব্যর্থতা, দুশ্চিন্তা, মানসিক আঘাত, প্রেমে আঘাত, আত্মীয়-স্বজনের মৃত্যু, চাপা অপমান, হতাশা ইত্যাদি বিভিন্ন মানসিক দুশ্চিন্তা এবং হতাশায় দীর্ঘদিন থেকে হাবুডুবু খাচ্ছে অথচ কোনো সুরাহা করতে পারছে না তখন মানসিকভাবে অসুস্থ হয়ে পড়ে। আর এই মানসিক অসুস্থতা থেকে ক্রমান্বয়ে শারীরিক বিভিন্ন রোগের উৎপত্তি হয়। **এই ঔষধের মূল কথা হলো মানসিক সমস্যা থেকে শারীরিক বিভিন্ন রোগের সৃষ্টি হয়** (Cham., Coloc., Ign., Lyc., Nat-m., Ph-ac., Staph.)।
    **(KR: Mind)**
    - ✓ Anger, ailments after anger, vexation (বিরক্তি), etc., p-2।
    - ✓ Cares, full of, ailments, from, p-10: Ph-ac.।
    - ✓ Excitement, emotional, ailments from, p-40: **Caps., Coff., Gels., Ph-ac., Puls., Staph**.
    - ✓ Grief, ailments, from, p-5: **Aur., Caust., Cocc., Ign., Lach., Nat-m.,** Ph-ac., Staph.
    - ✓ Love, ailments, from disappointed, p-63: **Hyos., Ign., Nat-m., Ph-ac**.
    - ✓ Mortification ailment after, p-68: **Coloc., Ign., Lyc., Nat-m., Pall., Ph-ac.**, Puls., Seneg., **Staph.**, Sulph.
  - অতিরিক্ত হস্তমৈথুন, স্ত্রী সঙ্গম কিংবা অন্য যেকোনোভাবে অতিরিক্ত বীর্যক্ষরণ, বাচ্চাকে দুধ খাওয়ানো, রক্তক্ষরণ, মাসিকের অতিরিক্ত রক্তস্রাব ইত্যাদি কারণে জৈব রসের (vital fluid) অপচয় বা ক্ষয় হেতু বিভিন্ন রোগ হয়।
- **অত্যন্ত উদাসীনতা:** শারীরিক ও মানসিক অবসন্নতা। **লোকজন এড়িয়ে চলে, লোকজনের সাথে কথা বলতে চায় না, নীরবে-নির্জনে বসে থাকে। যে সকল যুবক অধিক শুক্রক্ষয় করে নির্জনপ্রিয়, লাজুক এবং কর্মবিমুখ হয়ে পড়ে অ্যাসিড ফস তাদের পক্ষে উত্তম ঔষধ। একেবারে ঘরকুনো হয়ে পড়ে** (Home sickness), ঘরের বাহিরে বের হতে চায় না। প্রবাসে বা বাড়ির বাহিরে দূরে গিয়ে বেশি দিন থাকতে পারে না। অসুস্থ হয়ে পড়ে (KR: Home sickness, p-51: **Caps., Carb-an., Ph-ac.**)।

- ❖ অত্যন্ত হতাশা, আরোগ্য সম্বন্ধে হতাশ, কঠিন রোগ হয়ে মৃত্যু হওয়ার ভয়।
- ❖ স্মৃতিশক্তির খুব দুর্বলতা প্রকাশ পায়।
- ❖ ফল এবং ফলের রস খুব পছন্দ।
- ❖ দুধের মতো সাদা প্রস্রাব বা ঘন ঘন প্রচুর প্রস্রাব। প্রস্রাব রাতে বেশি হয়।
- ❖ **উদরাময় প্রবণ।** ব্যথাহীন উদরাময় এবং মল ত্যাগকালে প্রচুর বায়ু নিঃসরণ (Aloe.)। **উদরাময়ে রোগী দুর্বল হয় না** এবং মলে গন্ধ তেমন থাকে না। **অনেক সময় পেটে ঢক ঢক করে পানির মতো কি যেন নড়তে থাকে।**
- ❖ ছাত্র-ছাত্রী যারা লেখাপড়া করে তাদের মাথাব্যথা। স্কুলে পড়ুয়া বালিকাদের মাথাব্যথা।

## ১। মানসিক লক্ষণসমূহ

- ❖ **উদাসীনতা** (Indifference): রোগী সব বিষয়ে অমনোযোগী, উদাসীন। কোনো কিছুই ভালো লাগে না, ঘরে, অফিসে কাজকর্ম করতে ভালো লাগে না (Great Indifference)। রোগী চুপচাপ একা থাকতে চায়, কথা বলতে চায় না এবং ঠিকমতো কথা বলতেও পারে না, কোনো কিছু প্রশ্ন করলে রোগী উত্তর দিতে চায় না।
- ❖ অত্যন্ত হতাশা, আরোগ্য সম্বন্ধে হতাশ, অত্যন্ত মনঃকষ্ট (Sep)।
- ❖ স্মৃতিশক্তির খুব দুর্বলতা, ঠিকমতো কোনো কিছু চিন্তা করতে অক্ষম, অনেক সময় কোনো কিছু মনে রাখতে পারে না।
- ❖ সব ব্যাপারে ঘরকুনো, ঘর থেকে বাহিরে যেতে চায় না এবং নরম স্বভাবের (Puls.)।
- ❖ **ভয়** (KR, p-42-48): রাতে, মৃত্যুর, কঠিন রোগ হওয়ার, খারাপ কিছু ঘটা ইত্যাদির ভয় থাকে।

## ২। সর্বদৈহিক লক্ষণসমূহ (Physical Generals)

- ❖ **কাতরতা:** অত্যন্ত শীতকাতর। শীতে ও ঠাণ্ডায় সব কষ্ট বাড়ে এবং গরমে উপশম।
- ❖ **অনুভূতি:** শরীরে পিঁপড়ে চলার অনুভূতি হয় (Acon., Arn., Med., Ph-ac., Sulph.)।
- ❖ **অনুভূতিহীন:** ক্ষত বা আঘাতে ব্যথা থাকে না। অনেক সময় আক্রান্ত স্থানের ব্যথা বুঝতে পারে না (KR: Analgesia, p-1345: **Cocc., Lyc., Op., Ph-ac., Stram.**)।
- ❖ **ঘাম:** প্রচুর ঘাম হয়। টেনশনের সময় এবং দিনের বেলায় ঘাম বেশি হয়। **ঘাম চটচটে আঠাযুক্ত,** ঘামের পর কষ্ট বাড়ে।
- ❖ **পিপাসা:** পিপাসা কম। কেবল মাত্র ঘাম অবস্থায় পিপাসা হয় (KR: p-529)। আবার বহুমূত্রের সাথে প্রবল পিপাসা থাকে।
- ❖ **পছন্দ** (KR: 484-486): **ফল, ফলের রস,** কোল্ড ড্রিংকস, তরল খাদ্য, ঠান্ডা দুধ (Ph-ac., Phos, Rhus-t., Staph., Tub), ধূমপান, গরমখাদ্য ইত্যাদি পছন্দ।

- **অপছন্দ** (KR: p-480-482): মদজাতীয় পানীয়, টক, রুটি, কফি ইত্যাদি।
- **হ্রাস বা উপশম:** স্থান পরিবর্তনে, যেকোনো স্রাব বের হলে (Lach., Zinc.), গরমে, স্বল্প নিদ্রায়, নড়াচড়ায় বা চাপে ব্যথার উপশম, আচ্ছাদনে, সান্ত্বনায়, মল ত্যাগে উপশম।
- **বৃদ্ধি:** সকাল, সন্ধ্যায়, ঠান্ডায়, শারীরিক পরিশ্রমে এবং ঘামের পর কষ্ট বাড়ে। অতিরিক্ত ভার উত্তোলনে, মানসিক বিষাদে, পরিশ্রমে, কথা বললে, দুঃখে, ঠান্ডায়, সংগীতে, বায়ু প্রবাহে, স্পর্শে, বসে থাকলে, শোক-দুঃখে রোগের বৃদ্ধি। অতিরিক্ত বীর্যপাত বা জৈব তরল পদার্থে ক্ষয়হেতু এবং অতিরিক্ত আনন্দের পর এরা অজ্ঞান হয়ে যেতে পারে।
- **খাদ্যে বাড়ে (KR: p-1362-1364): রুটি, ঠান্ডা পনির, কফি, ঠান্ডা পানীয়, ঠান্ডা খাদ্য, টক ফল, টক, গরমখাদ্য এবং পানীয় ইত্যাদি খেলে রোগের বৃদ্ধি।**
- **স্বপ্ন** (KR: p-1235-1244): প্রণয়ঘটিত, উৎকণ্ঠার, মৃত ব্যক্তির, পড়ে যাওয়ার, মানসিক পরিশ্রমের, দুর্ভাগ্যের, আনন্দদায়ক এবং ঝগড়াঝাঁটির স্বপ্ন দেখে।

## ৩। অন্যান্য গুরুত্বপূর্ণ সাধারণ লক্ষণসমূহ

- **বৈশিষ্ট্য:** অ্যাসিড ফসে প্রথমে মন আক্রান্ত হয় তারপর শরীর; অর্থাৎ প্রথমে মানসিকভাবে অসুস্থ হয় এবং পরে শারীরিক লক্ষণ প্রকাশ পায় (mental to physical sickness) (অ্যাসিড মিউরে প্রথমত: পেশিগুলো আক্রান্ত হয় তারপর মন)।
- **অতীত ইতিহাস:** অতিরিক্ত হস্তমৈথুন, অতিরিক্ত স্বপ্নদোষ, স্ত্রী সঙ্গম ইত্যাদির মাধ্যমে শরীরের জৈব রসের (vital fluid) অপচয় করার ইতিহাস থাকে। এদের ছোটবেলা থেকে হস্তমৈথুনের প্রবৃত্তি থাকে।
- **যৌন সমস্যা:** পুরুষের সেক্স বেশি থাকে, সারাক্ষণ যৌনবিষয়ক চিন্তা করে। ঘন ঘন স্বপ্নদোষ হয় তার পরেও লিঙ্গের কষ্টকর উত্থান হয়, পেনিস খুব শক্ত হয়। **স্বপ্নদোষের পরের দিন পিঠে খুব ব্যথা হয়**। পায়খানায় কোঁত দিলে প্রস্টেট গ্ল্যান্ডের রস বের হয় (Con., Sel.)। স্ত্রী সহবাসের পরেও বীর্যপাত হতে পারে। অবাধ হস্তমৈথুন বা কুকার্যের ফলে অকাল বার্ধক্য আসে তার সাথে ধ্বজভঙ্গ রোগ দেখা দেয়। রোগী বলে থাকে, দীর্ঘদিন ধরে হস্তমৈথুনের ফলে ধ্বজভঙ্গ হয়েছে। ধ্বজভঙ্গের সাথে মানসিক দুর্বলতা থাকে।
- শারীরিক এবং মানসিকভাবে খুব দুর্বল হয়, মনের জোর একদম থাকে না। ফলে মানসিক কাজকর্ম করতে অক্ষম। মানসিক দুর্বলতার একটা কারণ হলো অতীতে অধিক পরিমাণে মানসিক পরিশ্রম, মানসিক চিন্তা ইত্যাদি।
- **পায়খানা (KR, p-609-621):** উদরাময়ের প্রবণতা থাকে (diarrheic)। ব্যথাহীন উদরাময় (diarrhea, painless, p-614) এবং মল ত্যাগকালে প্রচুর বায়ু নিঃসরণ হয় (Aloe.)। **উদরাময়ে রোগী দুর্বল হয় না** (weakness, without, p-615: **Ph-ac.**, Sulph., Tub.) **এবং মলে গন্ধ তেমন থাকে না**।

অনেক সময় অসাড়ে মল বের হয়ে যায় (Involuntary, p-621)। **বৃদ্ধিঃ** সকাল এবং সন্ধ্যায়, টক বা টক জাতীয় খাদ্যে, বিয়ার ও ঠান্ডা পানীয়ে, কেক বা পিঠা খেলে, শক্ত খাবার খেলে, গরমকালে ঠান্ডা খাবার খাওয়ার পর বাড়ে এবং খাওয়ার পরপরই পায়খানায় দৌড়াতে হয়। টেনশন হলে বা কোথাও যাওয়ার কথা বললে (Anticipation, when/after, p-611: **Arg-n.**, Gels., Med., Ph-ac.), আবহাওয়া পরিবর্তনে (Dulc., Ph-ac., Psor.), ঠান্ডা লাগার পর ও গরম আবহাওয়ায় বাড়ে।

- **প্রস্রাব (KR:p-657-660):** ঘন ঘন প্রচুর প্রস্রাব হয় (Arg-n., Merc., Ph-ac.) **২৪ ঘন্টায় যা পানি খায় তার চেয়ে বেশি প্রস্রাব হয়**। প্রস্রাব রাতে এবং ঘামের সময় বেশি হয়। দুধের মতো সাদা প্রস্রাব (Apis., Cina., Lyc., Sulph.)। প্রস্রাবে কোনো জ্বালা-যন্ত্রণা থাকে না। **সহবাসের পর প্রস্রাব করতে গেলে প্রস্রাব আটকে যায় এবং থেমে থেমে হয়** (interrupted/intermittent), প্রস্রাবের সাথে দুধের সরের মতো সাদা রঙের ছোট পদার্থ বের হয়। (interrupted, urine so thick, with cheesy masses like curdled milk, p-658: **Ph-ac.**)। প্রথম ঘুমে অসাড়ে প্রস্রাব (Caust., Sep.), কাশি, হাঁচির সময়, চলাফেরার সময় এবং টাইফয়েড জ্বরে অসাড়ে প্রস্রাব হতে পারে।
- জিহ্বার মাঝখানে রক্তবর্ণ দাগ থাকে।
- মেরুদণ্ডে জ্বালাকর ব্যথা থাকে এবং মানসিক পরিশ্রমের পর বাড়ে।
- **মাথাব্যথাঃ** ছাত্র-ছাত্রীরা একটু লেখাপড়া করতে গেলেই মাথাব্যথা করে। স্কুল পড়ুয়া বালক-বালিকাদের মাথাব্যথা (KR: Head, pain, school girls, p-147: **Calc-p., Nat-m., Ph-ac.**, Puls., Tub.)। ব্যথা মাথার পিছন এবং ঘাড়ে হয় এবং পিছন থেকে সামনের দিকে বিস্তৃত হয়। সামান্য নড়াচড়ায়, শব্দে (বিশেষ করে সঙ্গীতে) বৃদ্ধি, শুয়ে থাকলে উপশম (Bry., Gels., Sl.)।
- **শিশু এবং যুবকেরা তাড়াতাড়ি লম্বা হয়। রাতের বেলা তাদের হাড়ে ব্যথা হয়।**

**অভিমতঃ**

১। শোকের ফলে হিস্টিরিয়া হলে প্রাথমিক অবস্থায় ইগ্নেশিয়া এবং পুরাতন অবস্থায় অ্যাসিড ফস।

২। যে সকল যুবক অধিক শুক্রক্ষয় করে নির্জনপ্রিয়, লাজুক এবং কর্মবিমুখ হয়ে পড়ে অ্যাসিড ফস তাদের পক্ষে উত্তম ঔষধ।

৩। বিভিন্ন ব্যর্থতা আর্থিক ক্ষয়ক্ষতি বা বিভিন্ন ক্ষয়ক্ষতির আশংকায় একেবারে মনমরা, কর্মবিমুখ ও ঘরকুনো হয়ে পড়লে তাদের ক্ষেত্রে অ্যাসিড ফস খুব ভালো কাজ করে।

৪। অতিরিক্ত বীর্য ক্ষয়হেতু দুর্বল হয়ে পড়লে অ্যাসিড ফস আর অতিরিক্ত পাতলা পায়খানা বা বমির ফলে দুর্বলতা দেখা দিলে চায়না মন্ত্রের মতো কাজ করে।

**মন্তব্যঃ উল্লিখিত লক্ষণসাদৃশ্যে ঔষধটি প্রয়োগ করা হলে, যে নামের রোগই হোক না কেন তা আরোগ্য হবে।**

**কিছু গুরুত্বপূর্ণ রোগের লক্ষণসমূহ**

১। মস্তিষ্কের রক্তস্বল্পতা (p-107: Ferr., Ph-ac., Phos.)।
২। **প্রলাপঃ** রোগী বিড় বিড় করে কি বলে বোঝা যায় না। তন্দ্রাচ্ছন্নভাব, চারপাশে কি হয় বুঝতে পারে না। ঘুম থেকে জাগালে সজ্ঞানে ধীরে ধীরে নির্ভুলভাবে প্রশ্নের উত্তর দেয়। তারপর আবার নিদ্রাচ্ছন্ন হয়ে পড়ে (Arn.)।
৩। **টাইফয়েড জ্বরঃ** রোগী পুরোপুরি উদাসীন ও আচ্ছন্নভাব, কোনো দিকে লক্ষ্য থাকে না। 'কাঠের গুঁড়ির মতো' পড়ে থাকে, আশেপাশে কি ঘটছে তাতে কোনো লক্ষ্য থাকে না। অন্ত্র হতে কালচে রক্তস্রাব।
৪। ক্রমাগত নাক খোটা বা নাকের মধ্যে ক্রমাগত আঙ্গুল দিতে থাকে (Cian)।
৫। দাঁড়ি, গোঁফ, মাথার স্থানে স্থানে চুল উঠে টাক পড়ে এবং জননেন্দ্রিয়ের স্থানের চুল ওঠে। অল্প বয়সে মাথার চুল পড়ে যায় এবং অকালে মাথার চুল পাকে (KR: Hair, gray, becomes: Ars., Kal-i., **Lyc.**, Ph-ac., Sil.)।
৬। সঙ্গমে ইচ্ছা থাকে না, সহবাস করতে গেলে লিঙ্গ শিথিল হয়ে পড়ে, ধ্বজভঙ্গ। সঙ্গমের সময় ও পরে বুক ধরফর করে, কোমরে ব্যথা হয় (Gels.)। **পৌঢ় বা বৃদ্ধদের ধ্বজভঙ্গে লাইকো এবং অ্যাসিড ফসে ভালো কাজ করে।**
৭। জরায়ু থেকে বায়ু নিঃসরণ (Lyc)। স্ত্রী জননেন্দ্রিয় থেকে সশব্দে বায়ু নিঃসরণ (p-718: **Brom.**, Lac-c., **Lyc.**, **Ph-ac.**, Sep.)।
৮। সম্পূর্ণ তন্দ্রাচ্ছন্ন ভাব। দিনে নিদ্রালুতা, রাতে নিদ্রাহীনতা।

**সম্পর্কঃ** উদরাময় এবং দুর্বলতা লক্ষণে চায়নার আগে বা পরে ভালো খাটে। পারদের অপব্যবহারের কুফল নষ্ট করতে পারে।
**প্রতিষেধকঃ** ক্যাম্ফর, কফিয়া, স্ট্যাফি।
**ক্রিয়ার স্থায়িত্বঃ** ৪০ দিন।

# Acidum Flouricum/Fluoricum Acidum (Fl-ac.)
# (অ্যাসিড ফ্লোর)

## ভূমিকা (Introduction)

- **উৎসঃ** খনিজ।
- **রাসায়নিক সূত্রঃ** HF
- **প্রচলিত নামঃ** হাইড্রোফ্লোরিক অ্যাসিড।

- **বর্ণনাঃ** এটি বর্ণহীন এবং অত্যন্ত ক্ষতিকর অ্যাসিড। এটি এতোটা ক্ষতিকর যে, কাচের পাত্রে রাখা হলে কাচও ফেটে যেতে পারে। গায়ে পড়লে সাথে সাথে ফোস্কা পড়ে যায়। এতে দম বন্ধ করার মতো ঝাঁঝালো গন্ধ থাকে এবং ক্ষারীয় (alkalic) স্বাদ থাকে। এটি পানিতে দ্রবণীয় এবং তাপ দিলে উড়ে যায়।
- **ঔষধ প্রস্তুতঃ** সালফিউরিক এসিডের সাথে ক্যালসিয়াম ফ্লোরাইড মিশিয়ে মাদার টিংচার প্রস্তুত করা হয়। মাদার টিংচার গ্লাসে রাখা যায় না, অন্য কোনো পাত্রে রাখতে হয়।
- **প্রভারঃ** ডাঃ সি হেরিং।
- **মায়াজমঃ প্রথম শ্রেণির অ্যান্টি সিফিলিটিক**। অ্যান্টি সোরিক, অ্যান্টি সাইকোটিক এবং অ্যান্টি টিউবারকুলার।
- **কাতরতাঃ** অত্যন্ত গরমকাতর।
- **পার্শ্বঃ** ডানদিকে রোগের আক্রমণ বেশি হয়। তবে বামে উপরে এবং ডানে নিচে বেশি আক্রান্ত হয়।
- **ব্যবহারঃ** এটি একটি গভীর পলিক্রেস্ট মেডিসিন। পুরাতন রোগে বেশি ব্যবহৃত হয়।
- **উপযোগিতাঃ** পারদের অপব্যবহার, সিফিলিস দোষ, পারদ ও সিফিলিস মিশ্রিত দোষে যাদের শরীর জর্জরিত হয়ে অকাল বার্ধক্য উপস্থিত হয়েছে, তাদের ক্ষেত্রে বেশি উপযোগী।
- **ক্রিয়াস্থলঃ** অস্থি, পুরুষ যৌনাঙ্গ, চর্ম, টিস্যু, দাঁত, গ্ল্যান্ড ইত্যাদির উপর বেশি কাজ করে।

## ঔষধ নির্বাচনের গুরুত্বপূর্ণ লক্ষণসমূহ
## (Important Symptoms for Prescribing Medicine)

### সারসংক্ষেপ (Summary)

❖ অত্যন্ত গরমকাতর। সব রোগ গরমে বাড়ে এবং ঠান্ডায় উপশম।
❖ স্রাব অত্যন্ত ক্ষতকর এবং দুর্গন্ধযুক্ত।
❖ **সঙ্গমেচ্ছা প্রবল। ২৪ ঘণ্টা সেক্স নিয়ে চিন্তা-ভাবনা করে। এরা সব সময় মিলনের জন্য অত্যন্ত ব্যাকুল থাকে এবং এক নারীতে সন্তুষ্ট থাকে না, ঘন ঘন নারী বদলায়।**
❖ প্রস্রাব বাধাপ্রাপ্ত হয়ে মাথাব্যথা আর প্রস্রাব হয়ে গেলে মাথার যন্ত্রণা কমে।
❖ ভয়ভীতি কম এবং পরিশ্রমে সহজে ক্লান্ত হয় না, স্নেহ ভালোবাসার অভাব।
❖ স্থির হয়ে কোথাও বসতে পারে না। অনবরত হেঁটে বেড়ায়।
❖ সব স্রাব যেমন- মল, মূত্র, ঘাম, ক্ষত বা ঘা থেকে নিঃসৃত রস বা রক্ত সব অত্যন্ত দুর্গন্ধযুক্ত এবং ক্ষতকর (Corrosive)।
❖ রোগ লক্ষণ খুব ধীরে ধীরে উপস্থিত হয়।

### ১। মানসিক লক্ষণসমূহ

❖ স্মৃতিশক্তি অত্যন্ত দুর্বল হয়ে পড়ে।
❖ ভয়ভীতি কম এবং সহজে ক্লান্ত হয় না।

- স্ত্রী, সন্তান পরিবারের প্রতি উদাসীনতা।
- স্নেহ-ভালোবাসার অভাব, পুরাতন ভালোবাসার মানুষের প্রতি আগ্রহ হারিয়ে ফেলে।
- অত্যন্ত নিচু মনের, লম্পট চরিত্রের অধিকারী, সঙ্গমেচ্ছা প্রবল, নিজের স্ত্রীকে পছন্দ করে না কিন্তু আজেবাজে মহিলাদের প্রতি আসক্ত হয়, পতিতালয়ে যায়। সুন্দরী মেয়ে দেখলে তার ভেতরের গোপন অঙ্গ-প্রত্যঙ্গ নিয়ে কল্পনা করে। এক নারীতে সন্তুষ্ট থাকে না, ঘন ঘন লাইফ পার্টনার পরিবর্তন করতে চায়।
- অত্যন্ত ফুর্তিবাজ, দায়িত্বজ্ঞানহীন, অলস (Indolence: Nux-v., Sulph.)।
- স্থির হয়ে কোথাও বসতে পারে না। অনবরত হেঁটে বেড়ায়।
- এরা খুব পরিশ্রম করতে পারে, এদের কোনো ক্লান্তিবোধ থাকে না (Industrious: Fl-ac., Sep., Tub)।

## ২। সর্বদৈহিক লক্ষণসমূহ (Physical Generals)

- **কাতরতা:** অত্যন্ত গরমকাতর (Hottest Medicine) ঔষধ। শীতকালে প্রতিদিন গোসল করে আর গরমকালে দিনে কয়েকবার ঠান্ডা পানি দিয়ে গোসল করতে চায় (Nat-m, Puls.)। গরমে এবং সব ধরনের গরম খাবার-দাবারে রোগ বাড়ে, ঠান্ডায় উপশম। আবার অনেক সময় অতিরিক্ত গরম বা ঠান্ডা কোনোটাই সহ্য করতে পারে না বা কোনো সমস্যা হয় না (MB thermal)।
- **স্রাব:** সমস্ত স্রাব যেমন- মল, মূত্র, ঘাম, ক্ষত বা ঘা থেকে নিঃসৃত রস বা রক্ত সব অত্যন্ত দুর্গন্ধযুক্ত এবং ক্ষতকর (Corrosive)।
- **ক্ষুধা-তৃষ্ণা:** ক্ষুধা-তৃষ্ণা খুব প্রবল এবং এরা খুব খেতে পারে। পেট খালি থাকলে এরা অসুস্থতাবোধ করে আর খেলে উপশম।
- **বৃদ্ধি:** যেকোনো রোগ সব ধরনের গরমে বৃদ্ধি, গরম পানি পানে বৃদ্ধি আর ঠান্ডায় বা ঠান্ডা ব্যবহারে উপশম (Cold application amel: Apis., Fl-ac., Ledum., Puls., Sulph. and Hot application amel: Calc-f., Hep., Ars., Sil.)। সকালে, মদপানে, পূর্ণিমায় বৃদ্ধি। তরমুজ সহ্য করতে পারে না।
- **উপশম:** সব রোগ ঠান্ডা হাওয়ায়, খোলা বাতাসে, ঠান্ডা পানি দিয়ে গোসলে, ঠান্ডা খাদ্য, পানীয়ে এবং ঠান্ডা ব্যবহারে আরাম। অনবরত হেঁটে বেড়ালে, কাপড় টাইট করে পরলে (Nat-m) এবং ব্যথাযুক্ত পাশে শয়নে উপশম।
- **পছন্দ:** মদ (alcohol) পানের অদম্য বাসনা, টক, ঝাল, বিভিন্ন উগ্র মশলা দেয়া খাদ্য (pungent food/ highly seasoned food, P-486: Chin., Cist., Fl-ac, Lac-c., Hep., Sang-c., Puls., Sep.), ফলের রস (Refreshing things) এবং কষানো গোশত খেতে ভালোবাসে (**Caust., Tub.**)।
- **অপছন্দ:** লবণযুক্ত খাবার, টক, কফি।
- **স্বপ্ন:** মৃত্যুর, মৃত ব্যক্তির, আত্মীয়ের মৃত্যুর, বন্ধুর মৃত্যুর এমনকি নিজের মৃত্যুর স্বপ্ন দেখতে পারে।

**৩। অন্যান্য গুরুত্বপূর্ণ সাধারণ লক্ষণসমূহ**

- **আকৃতি বা শারীরিক গঠন:** যুবকদের দেখতে বৃদ্ধের মতো দেখায় (Abrotenum, Arg-n, Fl-ac.)। খুব দ্রুত হাঁটে। দুই ভ্রুর মাঝখানটায় খানিকটা (Glabella region) ফোলা ফোলা থাকতে পারে, মাথায় চুল কম। (বৃদ্ধের মতো দেখায় না কিন্তু খুব রোগা পটকা জীর্ণশীর্ণ চেহারা: Sec.)। অনেক ক্ষেত্রে রোগীর নিম্নাঙ্গ ফোলা দেখা যায়। নখ ফাটাফাটা, চুলগুলো বিবর্ণ ও ফ্যাকাশে দেখায়।
- **সেক্স:** পুরুষের সেক্স খুব বেশি থাকে এবং প্রবল যৌন উত্তেজনায় ভোগে (Lasciviousness, p-61: **Fl-ac., Hyos., Lyss., Lach., Lil-t., Ph-ac., Phos., Pic-ac., Plat., Staph.**)। ২৪ ঘন্টা সেক্স নিয়ে চিন্তা-ভাবনা করে (Bufo., Con., Fl-ac., Ph-ac., Staph.), মহিলাদের গোপন অঙ্গ-প্রত্যঙ্গ নিয়ে কল্পনা করে। এরা সবসময় মিলনের জন্য অত্যন্ত ব্যাকুল থাকে (very eager to intercourse)। এদের কাছে বালিকা, যুবতী বা বৃদ্ধার মধ্যে কোনো পার্থক্য নেই। এক মহিলাতে এরা সন্তুষ্ট থাকতে পারে না তাই তারা ঘন ঘন সেক্স পার্টনার পরিবর্তন করতে চায়। তার সাথে প্রায় সবসময় পুরুষাঙ্গ খুব শক্ত হয়ে থাকে বিশেষ করে রাতে ঘুমের মধ্যে (Erections, strong, P-696: Canth., Fl-ac., Graph., Phos., Pic-ac)। আবার হঠাৎ সবকিছু শিথিল হয়ে যেতে পারে এবং এ সমস্ত রোগীদের ধ্বজভঙ্গ হয়ে যেতে পারে। (মহিলাদেরও সেক্স বেশি থাকে: মিউরেক্স, প্ল্যাটিনাম)।
- শরীরের বিভিন্ন ছিদ্রমুখে (Orifice) যেমন− মলদ্বার, যোনিমুখ, নাকের ফুটো ইত্যাদিতে চুলকায়। (শরীরের বিভিন্ন ছিদ্রমুখ লাল হয়ে যায়: Sulph.)
- **মাথার যন্ত্রণা:** প্রস্রাবের বেগ পাওয়ার পর প্রস্রাব করতে দেরি হলেই মাথার যন্ত্রণা আরম্ভ হয়। আর প্রস্রাব হয়ে গেলে মাথার যন্ত্রণা কমে।
  - প্রস্রাব লাগলে দেরি করতে পারে না, কাপড়-চোপড়ে প্রস্রাব হয়ে যায়: Kreos.
  - পায়খানা লাগলে দেরি করতে পারে না: Aloe.
- এটি অত্যন্ত ক্ষতকর ও ধ্বংসাত্মক মেডিসিন। যদি অন্যান্য লক্ষণ পাওয়া যায় তবে সিফিলিসের ক্ষত, অস্থিক্ষত, দাঁতের মাড়ি এবং চোখের নালিঘা, ক্রনিক ফিস্টুলা, ক্যান্সার, সব ধরনের আলসার, নালিঘা, পুরাতন শিরাস্ফীতি (varicose vain) (নতুন অবস্থায় হেমামেলিস উৎকৃষ্ট ঔষধ), ভেরিকোস আলসার, গ্যাংগ্রিন ইত্যাদিতে ঠান্ডা প্রয়োগে উপশম হলে অত্যন্ত কার্যকর (মার্কসল, সাইলেসিয়া, সালফার)।
- শুকানোর প্রবণতাহীন দীর্ঘদিনের আলসার, ফিস্টুলা এবং পুরোনো সেরে যাওয়া ঘা, আলসার আবার নতুন করে আরম্ভ হয় (Caust., Graph.)। প্রচুর পরিমাণে রস বের হতে পারে, সমস্ত স্রাব ক্ষতকর। গরমে বাড়ে এবং ঠান্ডায় কমে।
- **ঘুম:** রোগী একটু ঘুমালেই তার ঘুমের প্রয়োজন মিটে যায় অর্থাৎ সতেজতা ফিরে আসে।